# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জেলার খবর | 29 March, 2025

ছোটপর্দায় কিংবা বড়পর্দায় নবীন অভিনেতাদের আগমনের পথটা কখনোই মসৃণ হয় না।লাইট ক্যামেরা এ্যাকশনের আলো ঝলমলে এই শোবিজ জগতের নেশায় একবার যে বুদ হয়েছে।সে কখনোই এই নেশা কাটিয়ে উঠতে পারে না।অনেক নবীন ছেলে মেয়ে প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে ইন্ডাস্ট্রিতে নিজের পায়ের নিচের মাটি শক্ত করার জন্য।তাদেরই একজন নবীন অভিনেতা আহমেদ রানা ।

ছোটপর্দায় অভিনয়ের মধ্য দিয়েই তিনি চেষ্টা করে চলেছেন নিজেকে প্রতিষ্ঠিত করার।ছোটপর্দায় উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে (নাটক) : জামাই কেন চাকর, গরিব জামাই, প্রবাসী মা, পাজি শাশুড়ি, বোকা ডাকাত, রিক্সাওয়ালার শালী ডাক্তার, কাল্পনিক, ধর্ষিতা বউ, গরিবের লোভী বউ, পরীর গল্প, কাজী বাড়ির পাজি জামাই ইত্যাদি। ।কাজগুলো দেখে মনে হয়েছে, ছেলেটি পরিশ্রমী।সম্প্রতি পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে তার অভিনীত বেশ কয়েকটি নাটক মুক্তি পাচ্ছে।

তার মধ্যে উল্লেখযোগ্য হলো, শেষ চিঠি, আমার বউ মহিলা মেম্বার, হুজুরের পিচ্চি বউ, সুদখোর মিজান, কাজের বুয়ার ঈদ ইত্যাদি।

অভিনেতা আহমেদ রানা'র আর একটা বিশেষ গুণ দর্শকমহলে পরিলক্ষিত হয়।উনি বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের আঞ্চলিক ভাষায় খুব সুন্দরভাবে কথা বলতে পারেন।

তারমধ্যে পাবনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ, ঢাকা, রংপুর, নোয়াখালী, পুরান ঢাকা, রাজশাহী ইত্যাদি।

সম্প্রতি ঈদুল ফিতর উপলক্ষে তার সবগুলো কাজ নিয়ে তিনি আশাবাদী, এমনটাই তার সঙ্গে কথা বলে আমরা জানতে পেরেছি।

ঈদুল ফিতর শোবিজ জগত অভিনেতা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:53

URL: https://timestodaybd.com/countrywide/775807166